# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মাশ‘আরে হারাম তথা মুযদালিফায় অবস্থান

৭০- অতপর তিনি কাসওয়ায় আরোহন করে মাশ‘আরে হারামে এলেন। ‘তিনি তাতে চড়লেন।’[1]

৭১- এরপর তিনি কিবলামুখী হয়ে আল্লাহর কাছে দো‘আ করলেন। ‘অতপর আল্লাহর প্রশংসা করলেন।’[2] তাঁর মহত্ব, শ্রেষ্ঠত্ব ও একত্ববাদের ঘোষণা দিলেন। পূর্ব আকাশ পূর্ণ ফর্সা হওয়া পর্যন্ত তিনি সেখানে অবস্থান করলেন।

৭২- ‘তিনি বললেন,

«قَدْ وَقَفْتُ هَهُنَا وَالْمُزْدَلِفَةُ كُلُّهَا مَوْقِفٌ»

‘আমি এখানে অবস্থান করেছি কিন্তু মুযদালিফার পুরোটাই অবস্থানস্থল।’[3]

## ফুটনোট

[1]. আবূ দাউদ।

[2]. আবূ দাউদ।

[3]. নাসাঈ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7368

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন